দ্বিতীয় তফসিল

[৪৮ অনুচ্ছেদ]

রাষ্ট্রপতি-নির্বাচন

১। প্রধান নির্বাচন কমিশনার (এই তফসিলে "কমিশনার" বলিয়া অভিহিত) রাষ্ট্রপতির পদের যে কোন নির্বাচন অনুষ্ঠান ও পরিচালনা করিবেন এবং অনুরূপ নির্বাচনে নির্বাচনী কর্তা হইবেন।

২। এই তফসিল-অনুসারে অনুষ্ঠিত সংসদ-সদস্যদের বৈঠকে সভাপতিত্ব করিবার জন্য কমিশনার একজন ভোটকেন্দ্র-কর্তা নিযুক্ত করিবেন।

৩। কমিশনার সরকারী বিজ্ঞপ্তির মাধ্যমে মনোনয়নপত্র দাখিল, পরীক্ষা, প্রত্যাহার এবং (প্রয়োজন হইলে) ভোটগ্রহনের সময় ও স্থান নির্ধারণ করিবেন।

৪। মনোনয়নপত্র দাখিলের জন্য নির্ধারিত দিনে দ্বিপ্রহরের পূর্বে যে কোন সময়ে কোন সংসদ-সদস্য রাষ্ট্রপতি-পদে নির্বাচিত হইবার যোগ্যতাসম্পন্ন কোন ব্যক্তিকে ঐ পদের জন্য মনোনীত করিয়া নির্বাচনী কর্তার নিকট একটি মনোনয়নপত্র প্রদান করিতে পারিবেন, যে মনোনয়নপত্রে প্রস্তাবক হিসাবে তাঁহার স্বাক্ষর থাকিবে এবং সমর্থক হিসাবে অন্য একজন সংসদ-সদস্যের স্বাক্ষর থাকিবে; সেই সঙ্গে যিনি রাষ্ট্রপতি-পদের জন্য মনোনীত হইতে যাইতেছেন, তাঁহারও উক্ত মনোনয়নে সম্মতিসূচক স্বাক্ষরিত বিবৃতি থাকিবে;

তবে শর্ত থাকে যে, প্রস্তাবক হিসাবে বা সমর্থক হিসাবে কোন ব্যক্তি কোন এক নির্বাচনে একটির অধিক মনোনয়নপত্র স্বাক্ষর করিবেন না।

৫। কমিশনার তাঁহার দ্বারা নির্ধারিত সময় ও স্থানে মনোনয়নপত্র পরীক্ষা করিবেন, এবং পরীক্ষার পর মাত্র একজনের মনোনয়ন বৈধ থাকিলে উক্ত ব্যক্তিকে নির্বাচিত বলিয়া ঘোষনা করিবেন, তবে একাধিক ব্যক্তির মনোনয়ন বৈধ

Prime Minister's Office Library, Dhaka http://www.pmo.gov.bd/pmolib

থাকিলে সরকারী বিজ্ঞপ্তির মাধ্যমে বৈধভাবে মনোনীত ব্যক্তি (এই তফসিলে "প্রার্থী" নামে অভিহিত)-দের নাম ঘোষনা করিবেন।

৬। প্রার্থিপদ প্রত্যাহারের জন্য নির্ধারিত দিনে দ্বিপ্রহরের পূর্বে যে কোন সময়ে কোন প্রার্থী ভোট-কেন্দ্র-কর্তার নিকট স্বাক্ষরযুক্ত নোটিশ দাখিল করিয়া নিজের প্রার্থিপদ প্রত্যাহার করিতে পারিবেন, এবং কোন প্রার্থী অনুরূপভাবে স্বীয় প্রার্থিপদ প্রত্যাহার করিলে তাঁহাকে এ নোটিশ খারিজ করিতে দেওয়া হইবে না।

৭। যদি একজন ব্যতীত সকল প্রার্থী প্রার্থি-পদ প্রত্যাহার করিয়া থাকেন, তাহা হইলে কমিশনার সেই একজনকে নির্বাচিত বলিয়া ঘোষনা করিবেন।

৮। যদি কোন প্রার্থী প্রার্থিপদ প্রত্যাহার না করিয়া থাকেন কিংবা প্রত্যাহারের পর দুই বা ততোধিক প্রার্থী থাকিয়া যান, তাহা হইলে সরকারী বিজ্ঞপ্তির মাধ্যমে কমিশনার অনুরূপ প্রার্থীদের এবং তাঁহাদের প্রস্তাবক ও সমর্থকদের নাম ঘোষনা করিবেন, এবং পরবর্তী অনুচ্ছেদসমূহের বিধানাবলী-অনুযায়ী গোপন ভোটের মাধ্যমে নির্বাচন অনুষ্ঠানের ব্যবস্থা করিবেন।

৯। নির্বাচন-সমাপ্তির পূর্বে যদি বৈধভাবে মনোনীত কোন প্রার্থীর মৃত্যু হয় এবং ভোটকেন্দ্র-কর্তা তাঁহার মৃত্যুর রিপোর্ট প্রাপ্ত হন, তাহা হইলে ভোটকেন্দ্র-কর্তা উক্ত প্রার্থীর মৃত্যু সম্বন্ধে নিশ্চিত হইবার পর ভোটগ্রহন বাতিল করিবেন ও কমিশনারকে সে সম্বন্ধে জানাইবেন এবং উক্ত নির্বাচন সম্পর্কিত কার্যধারা নূতন করিয়া আরম্ভ হইবে।

১০। সংসদ-সদস্যদের বৈঠকে ভোটগ্রহন অনু-ষ্ঠিত হইবে এবং কমিশনারের অনুমোদনক্রমে ভোট-কেন্দ্র-কর্তা কর্তৃক নিযুক্ত কর্মচারীদের সহায়তায় ভোটকেন্দ্র-কর্তা ভোটগ্রহন পরিচালনা করিবেন।

১১। সংসদের বৈঠকে ভোটদানের জন্য উপস্থিত

Prime Minister's Office Library, Dhaka http://www.pmo.gov.bd/pmolib

প্রত্যেক সংসদ-সদস্য (এই তফসিলে "ভোটদাতা" নামে অভিহিত)-কে প্রার্থীদের নাম-সংবলিত একটি করিয়া ভোটপত্র প্রদান করা হইবে এবং তিনি যে প্রার্থীকে ভোটদান করিতে ইচ্ছুক, তাঁহার নামের পার্শ্বে ঢেরা-চিহ্ন দিয়া ব্যক্তিগতভাবে ভোটদান করিবেন।

১২। ভোটপত্র বাতিল হইবে, যদি

(ক) উহাতে সরকারী সংখ্যা ব্যতীত এমন কোন নাম, শব্দ বা চিহ্ন থাকে, যাহা-দ্বারা ভোটদাতাকে সনাক্ত করা যায়; অথবা

(খ) উহাতে ভোটকেন্দ্র-কর্তার নামের দস্তখত না থাকে; অথবা

(গ) উহাতে ঢেরা-চিহ্ন না থাকে; অথবা

(ঘ) দুই বা ততোধিক প্রার্থীর নামের পার্শ্বে ঢেরা-চিহ্ন থাকে; অথবা

(ঙ) কোন্ প্রার্থীর নামের পার্শ্বে ঢেরা-চিহ্ন দেওয়া হইয়াছে, সে সম্পর্কে কোন অনিশ্চয়তা থাকে।

১৩। ভোটগ্রহণ সমাপ্তির পর প্রত্যেক ভোটকেন্দ্র-কর্তা প্রার্থীদের বা তাঁহাদের অনুমোদিত প্রতিনিধি-দের মধ্য হইতে যাঁহারা উপস্থিত থাকিতে ইচ্ছুক, তাঁহাদের সম্মুখে ভোটের বাক্সগুলি খুলিবেন ও ঝাড়িয়া ফেলিবেন, এবং এই সংবিধানের ১২ অনুচ্ছেদের অধীন আইনের দ্বারা নির্ধারিত প্রণালীতে বৈধ ভোটপত্রসমূহ প্রত্যেক প্রার্থীর সপক্ষে ভোটের সংখ্যা গণনা করিবেন এবং অনুরূপভাবে প্রদত্ত ভোটের সংখ্যা কমিশনারকে জ্ঞাপন করিবেন।

১৪। যদি মাত্র দুইজন প্রার্থী থাকেন, তাহা হইলে যে প্রার্থী অধিক-সংখ্যক ভোট লাভ করিয়াছেন, তিনি নির্বাচিত হইয়াছেন বলিয়া কমিশনার ঘোষণা করিবেন।

১৫। যদি তিন বা ততোধিক-সংখ্যক প্রার্থী থাকেন, তাহা হইলে একজন প্রার্থী অবশিষ্ট প্রার্থিগণ কর্তৃক প্রাপ্ত সর্বমোট ভোট-সংখ্যা অপেক্ষা অধিক ভোট পাইয়া থাকিলে তিনি

Prime Minister's Office Library, Dhaka http://www.pmo.gov.bd/pmolib

নির্বাচিত হইয়াছেন বলিয়া কমিশনার ঘোষণা করিবেন।

১৬। যদি তিন বা ততোধিক-সংখ্যক প্রার্থী থাকেন এবং অব্যবহিত পূর্ববর্তী অনুচ্ছেদটি প্রযোজ্য না হয়, তাহা হইলে এই তফসিলে বর্ণিত পূর্ববর্তী বিধানাবলী-অনুযায়ী পুনরায় ভোটগ্রহণ করা হইবে এবং এই ভোটগ্রহণের সময়ে পূর্ববর্তী ভোটগ্রহণের ফলে যে প্রার্থী সর্বনিম্ন সংখ্যক ভোট লাভ করিয়াছিলেন, তাঁহাকে বাদ দেওয়া হইবে।

১৭। অব্যবহিত পূর্ববর্তী তিন অনুচ্ছেদের বিধানাবলী-অনুযায়ী প্রয়োজনীয় ভোটগ্রহণ এবং তৎপরবর্তী যে কোন ভোটগ্রহণের ক্ষেত্রে ঐ সকল অনুচ্ছেদের বিধানাবলী প্রযোজ্য হইবে।

১৮। যে ক্ষেত্রে কোন ভোটগ্রহণের ফলে দুই বা ততোধিক সংখ্যক প্রার্থী সমান ভোট পাইবেন, সেইরূপ ক্ষেত্রে

(ক) যদি মাত্র দুইজন নির্বাচনপ্রার্থী থাকেন; অথবা

(খ) যদি এই তফসিলের ১৬ অনুচ্ছেদের অধীন কোন ভোটগ্রহণে সম-সংখ্যক ভোটপ্রাপ্ত প্রার্থীদের মধ্য হইতে একজনকে বাদ দিবার প্রয়োজন হয়,

তাহা হইলে ক্ষেত্রমত নির্বাচনের জন্য বা বাদ দিবার জন্য প্রার্থী বাছাই লটারীর দ্বারা হইবে।

১৯। কোন ভোটগ্রহণের পর ভোটগণনা সমাপ্ত হইলে এবং ভোটগ্রহণের ফলাফল স্থিরীকৃত হইলে কমিশনার তৎক্ষণাৎ উপস্থিত ব্যক্তিদের সম্মুখে ফলাফল ঘোষণা করিবেন এবং তৎক্ষণাৎ সরকারী বিজ্ঞপ্তি-দ্বারা তাহা ঘোষণার ব্যবস্থা করিবেন।

২০। এই তফসিলের উদ্দেশ্যসমূহকে কার্যকর করিবার জন্য রাষ্ট্রপতির অনুমোদনক্রমে কমিশনার সরকারী বিজ্ঞপ্তি-দ্বারা বিধিসমূহ প্রণয়ন করিতে পারিবেন।

Prime Minister's Office Library, Dhaka http://www.pmo.gov.bd/pmolib